



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

10 July 2025

7:35AM

=====

রাজ্যের বড়ো ভূমিতে এখন শান্তি বিরাজ করছে। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল চিরাং জেলার কাজলগাও- দলীয় কার্যকর্তা সম্মেলনে অংশ নিয়ে বলেন যে আসন্ন বি টি সি পরিষদীয় নির্বাচনে বি জে পি একা অবতীর্ণ হবে। মুখ্যমন্ত্রী আরো জানান ---- **বাইট**

উত্তরপূর্ব সীমান্ত রেলের বদরপুর-লামডিং পাহার রেল লাইনের মুপা - দিহাখো ষ্টেশনের মধ্যে গত সোমবার সকালে সংঘটিত ভূমিধ্বসের ফলের ১২ টি ট্রেনের যাত্রা আগামী ১২ জুলাই পর্যন্ত পুনরায় বাতিল করেছে এবং আটটি ট্রেনের যাত্রা আংশিকভাবে বাতিল করা হয়েছে। যাত্রীদেরকে যাত্রার পূর্বে ট্রেনের স্থিতি সম্পর্কে পরীক্ষা করে দেখার এবং সেই অনুযায়ী পরিকল্পনা করার অনুরোধ জানানো হয়েছে। উত্তরপূর্ব সীমান্ত রেল যাত্রীদেরকে বিভিন্ন সংবাদ মাধ্যম ও সু-সংহত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে এই সম্পর্কে গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করেছে।

ৰাজ্যের মুখ্য সচিব ডক্টর রবি কোটা চার দিনের বরাক উপত্যকা সফরে আগামীকাল শিলচর আসছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে মুখ্য সচিব ডক্টর কোটা এই সফরকালে বরাক উপত্যকার প্রশাসনিক কার্যসূচী , জাতীয় সড়ক প্রকল্পগুলির অগ্রগতি পরিদর্শন ও সুশিল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করবেন ।

শিলচর পৌর নিগমের নব নিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিংহ , উপ- পৌর আয়ুক্ত নরোত্তম শর্মা সহ গুয়াহাটী থেকে আগত উচ্চ পদস্থ আধিকারীকদের একটি দল শিলচর প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের প্রতিনিধিদের নিয়ে গতকাল তারাপুর , মালুগ্রাম এলাকার জমাজল ও আর্বজনা পরিষ্কারের বিষয়গুলি খতিয়ে দেখেন । পৌর নিগম আয়ুক্ত জানান যে তারাপুর এলাকায় আগামী দু- দিনের মধ্যে সাফাই অভিযান শুরু করা হবে । পৌর নিগম আয়ুক্তের সঙ্গে মঞ্চের পক্ষে ধুব কুমার সাহা , বাসুদেব শর্মা , আশু পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা প্রশাসনের সহযোগীতা ও পালংঘাট শিবদুর্গা ক্লাবের ব্যবস্থাপনায় আগামীকাল থেকে হাইলাকান্দির বিধানসভা কেন্দ্র ভিত্তিক ১৫ দিনের গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হবে ।

ডিমা হাসাও জেলার ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক , শারিরীক ও শৈক্ষিক বিকাশের লক্ষ্যে গতকাল থেকে হাফলং সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ১০ দিনের গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হয়েছে । রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা এই কর্মশালার উদ্বোধন করে বলেন যে এই ধরনের অনুষ্ঠান যুব

সমাজকে অনুপ্রেরনা যোগাবে । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাস সহ শিক্ষা ও সাংস্কৃতিক বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দি শিক্ষা বিভাগের খন্ড প্রাথমিক শিক্ষা আধিকারীক মনোজ কৈরী জেলার আলগাপুর সমবায় সমিতির সচিব নাসির উদ্দিন লস্করের বিরুদ্ধে বিদ্যালয়ের মধ্যাহ্ন ভোজন প্রকল্পে চাল সরবরাহ না করার অভিযোগে মামলা দায়ের করেছেন । উল্লেখ্য অভিযোগে বলা হয়েছে হাইলাকান্দি জেলার আলগাপুর শিক্ষা খন্ডের অধিন ডলিডহর গ্রামের নব শান্তিপুর বিদ্যালয়ে ২০২০ সালের ডিসেম্বর থেকে ২০২১ সালের মার্চ মাস পর্যন্ত মধ্যাহ্ন ভোজনের চাল প্রদান করা হয় নি ।

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে গতকাল লালার শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা আদর্শ বিদ্যাপীঠে বিনামূল্যে দাঁত ও মুখের স্বাস্থ্য পরীক্ষা ও রক্তের গ্লুকোজ শনাক্তকরন শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দাঁত ও মুখের স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রশাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় রেইনবো ক্লাব খেলবে সিঙ্গারবন্দ ফুটবল একাদশের বিরুদ্ধে ।

পয়লাপুল মাঠে আজ আয়োজিত প্রতিযোগীতায় গতকাল ভারত বন্ধের জন্য কোন খেলা হয় নি ।
